

উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর।

স্মারক নং- ৪৬.৪৩.৬৯০৯.০০০.০১.০০৩.২২- ৭২

তারিখঃ ০৭/০১/২০২২খ্রিঃ

বিষয় : উপজেলা পরিষদ স্থায়ী কমিটির সভা আহবান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগাতিপাড়া উপজেলা পরিষদের নিম্ন বর্ণিত স্থায়ী কমিটির সভা সমূহ আগামী ১২/০১/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় 'বড়াল' সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ


- ১। বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা।
- ২। বিবিধ।

সভার নামঃ-

- ১। কৃষি ও সেচ কমিটি।
- ২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি।
- ৩। মুক্তি যোদ্ধা কমিটি।
- ৪। পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি।
- ৫। মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি।
- ৬। যুব ক্রীড়া উন্নয়ন কমিটি।
- ৭। মহিলা ও শিশু উন্নয়ন কমিটি।
- ৮। সাংস্কৃতি কমিটি।

প্রাপক : -----

বাগাতিপাড়া, নাটোর।


(মোসাম খোদিজা বেগম শাপলা)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১(লালপুর-বাগাতিপাড়া)।
- ২। জেলা প্রশাসন, নাটোর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বাগাতিপাড়া, নাটোর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

স্থান : উপজেলা পরিষদের বড়াল সভা কক্ষ।

তারিখ : ১২/০১/২০২২ খ্রিঃ।

সময় : সকাল ১১-৩০ ঘটিকা।

সভাপতি : জনাব মোসাঃ খোদিজা বেগম শাপলা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, বাগাতিপাড়া, নাটোর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ :-

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি বাগাতিপাড়া, নাটোর	স্বাক্ষরিত
০২	মেয়র	বাগাতিপাড়া পৌরসভা বাগাতিপাড়া, নাটোর সদস্য	স্বাক্ষরিত
০৩	চেয়ারম্যান ১ নং পাঁকা	ইউ,পি পাঁকা বাগাতিপাড়া, নাটোর সদস্য	স্বাক্ষরিত
০৪	চেয়ারম্যান ২ নং জামনগর	ইউ,পি জামনগর বাগাতিপাড়া, নাটোর সদস্য	স্বাক্ষরিত
০৫	চেয়ারম্যান ৩ নং বাগাতিপাড়া	ইউ,পি বাগাতিপাড়া বাগাতিপাড়া, নাটোর সদস্য	স্বাক্ষরিত
০৬	চেয়ারম্যান ৪ নং দয়রামপুর	ইউ,পি দয়রামপুর বাগাতিপাড়া, নাটোর সদস্য	স্বাক্ষরিত
০৭	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (অঃদাঃ)	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ও সদস্য সচিব, বাগাতিপাড়া, নাটোর।	স্বাক্ষরিত

অধ্যকার সভার সভাপতি ও উপস্থিত সকল সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মহোদয়কে যুবদের ক্রীড়া উন্নয়ন ও মাদক মুক্ত সমাজ গঠনে যুবদের ভূমিকা সংক্রান্ত বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ জানান।

সদস্য সচিব সভায় জানান যে, দেশের মোট জনসংখ্যার এক তৃতীয়াংশ যুব। যাদের বয়স ১৮-৩৫ বৎসর। এই বিশাল যুব গোষ্ঠী বেকারত্বের কারণে হতাশাগ্রস্ত এবং অসামাজিক কার্যক্রমে জড়িত। তাদেরকে বাদ দিয়ে দেশের অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয়। যুব সংগঠনের মাধ্যমে এই বিশাল যুব গোষ্ঠীকে বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে অস্ত্রভুক্ত করে তাদের সুস্থ ধারায় ফিরিয়ে আনতে হবে। মাদকের কারণে আজ যুব সমাজ ছমকী বিরূপ। মাদকের কুফল ও মাদক সম্পর্কে যুব/ যুব মহিলাদের মাঝে সামাজিক গনসচেনতা মূলক সভার মাধ্যমে অবহিত করে সমাজকে মাদক মুক্ত করার জন্য যুব সংগঠনকে জাগিয়ে রাখার আবেদন জানান। তিনি আরো জানান যে লেখা পড়ার পাশা পাশি যুবদের ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে নিয়োজিত রাখতে পাড়লে তাদের মনপ্রফুল্ল হবে এবং একটি সুস্থ সুন্দর বিনোদনের মাধ্যমে তাদের মানসিক বিমাশ ঘটবে।

সভাপতি মহোদয় সভায় জানান যে, পঞ্চবাব্ষিক পরিকল্পনার আওতায় ২০১৫-২০১৬ হতে ২০২০-২০২১ অর্থ বছরে যুবদের মাঝে ক্রীড়া সামগ্রী ক্রয় ও মাদক মুক্ত সমাজ গঠনে যুব সংগঠনের মাধ্যমে সামাজিক সচেনতা বিষয়ে সভার ব্যয় চাহিদা যুব ও ক্রীড়া উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটিতে প্রেরন করা যেতে পারে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ৪র্থ বছর এর আওতায় ৩০ জন বেকার যুব/যুব মহিলার মোটরযান চালানো প্রশিক্ষণের প্রস্তাব প্রেরণ করা হয়।

সভাপতি মহোদয় সভায় কমিটি সদস্য সচিব এর বক্তব্যর সংগে একমত পোষন করে বলেন যে, মাদক মুক্ত সমাজ গঠন, খেলাধুলা এবং সাংস্কৃতিক অংগনে যুবদের অংশগ্রহনের জন্য পঞ্চবাব্ষিক পরিকল্পনার আওতায় আগামী ২০১৫-২০১৬ হতে ২০২১-২০২২ অর্থ বছরে বাজেট প্রণয়নের জন্য সভাপতি মহোদয় সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানান।

আলোচনান্তে সভাপতি মহোদয় সভায় জানান যে, প্রশিক্ষনের মাধ্যমে দক্ষতা অর্জন করে যুবদের আত্মসকর্মসংস্থানের সৃষ্টি করতে হবে। ক্রীড়া উন্নয়নে যুবদের মানসিক বিকাশ এবং মাদকমুক্ত সমাজ গঠনে যুব সংগঠন কে আন্তরিক ভাবে কাজ করার অনুরোধ করে

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোসাঃ খোদিজা বেগম শাপলা
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি
বাগাতিপাড়া, নাটোর।